দৈনিক ইনকিলাব

তারিখ ... 26 JAN 2008

# রাজধানীর ২৪ সরকারী স্কুলের ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ

স্টাফ রিপোর্টার ঃ রাজধানীর ২৪টি সরকারী স্কুলের ভর্তি পরীক্ষার ফলাফল গতকাল (শুক্রবার) প্রকাশিত হয়েছে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর (মাউশি) সূত্রে জানা যায়, গতকাল বিকেল ৩টায় পরীক্ষার ফলাফল স্কুলগুলোর দেয়ালে টাঙ্গিয়ে দেয়া হয়।

২৪টি সরকারী স্কুল হচ্ছে-গভ. ল্যাবরেটরি হাই স্কুল, নিউ গভ. গার্লস হাই স্কুল, ইসলামিয়া সরকারী উচ্চ বিদ্যালয়, মিরপুর সরকারী উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, খিলগাঁও সরকারী উচ্চ বিদ্যালয়, মোহাম্মদপুর সরকারী উচ্চ বিদ্যালয়, নবাবপুর সরকারী উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারী বালক উচ্চ বিদ্যালয়, নারিন্দা সরকারী উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর সরকারী বালক উচ্চ বিদ্যালয়, সরকারী বিজ্ঞান কলেজ সংযুক্ত হাইস্কুল, গভ. মুসলিম হাই স্কুল, বাংলাবাজার সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, ধানমন্ডি সরকারী বালিকা উচ্চ বিদ্যালয় ও ধানমন্ডি কামরুন্নেছা সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, ধানমন্ডি গভ. বয়েজ হাই স্কুল, টিকাটুলি কামরুন্নেছা সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, তেজগাঁও সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা কলেজিয়েট স্কুল, আরমানিটোলা সরকারী উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, গণভবন সরকারী উচ্চ বিদ্যালয় ও তেজগাঁও সরকারী উচ্চ বিদ্যালয়।

এবারে স্কুলগুলোকে তিনটি গ্রুপে ভাগ করা হয়। 'এ' গ্রুপের ১৬ জানুয়ারী, ১৮ জানুয়ারী 'বি' গ্রুপের এবং ২১ জানুয়ারী 'সি' গ্রুপের স্কুলগুলোর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এবার প্রথম শ্রেণী থেকে নবম শ্রেণী পর্যন্ত প্রায় সাড়ে সাত হাজার আসনের বিপরীতে ৩৭ হাজার পরীক্ষার্থী অংশ নেয়। এ বছর এক আসনের বিপরীতে ৫ জন ভর্তি যুদ্ধে অংশ নেয়। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর (মাউশি) সূত্রে এ তথ্য জানা গেছে।